গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
সমন্বয়-২ অধিশাখা।
www.powerdivision.gov.bd

নং-২৭.০০.০০০০.০৫৩.৯৯.০০১.১৯- ৯৯৭

তারিখঃ ০৭ ফাল্গুন ১৪২৬ বঙ্গাব্দ
২০ ফেব্রুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ

## সংশোধিত পরিপত্র

বিষয়ঃ নতুন বিদ্যুৎ সংযোগ প্রদান সংক্রান্ত।

"Getting Electricity (rank)–Ease of Doing Business" এর বিভিন্ন সূচক এর লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে নির্ধারিত সময়সীমার মধ্যে সকল নাগরিকের জন্য বিদ্যুৎ সুবিধা নিশ্চিত করতে বিদ্যুৎ বিভাগ নতুন বিদ্যুৎ সংযোগ প্রদানে বিদ্যমান সময়সীমা কমিয়ে আনার নীতিগত সিদ্ধান্ত গ্রহণ করেছে। নতুন বৈদ্যুতিক সংযোগ প্রদানের ক্ষেত্রে নিম্নোক্ত সময়সীমা অনুসরণ করতে হবেঃ

### উচ্চ চাপে বৈদ্যুতিক সংযোগ (HT Connection)

১) নতুন বিদ্যুৎ সংযোগের আবেদন (নির্ধারিত সকল শর্তাদি প্রতিপালন ও তথ্যাদিসহ দাখিল করা হলে) প্রাপ্তির ০৫ দিনের মধ্যে কারিগরী তদন্ত ও জরিপ কাজ সম্পন্ন করতে হবে। অসম্পূর্ণ আবেদনের বিষয় আবেদনকারীকে তাৎক্ষণিক জানিয়ে দিতে হবে;

২) তদন্ত ও জরিপ প্রতিবেদন প্রাপ্তির পরবর্তী ০৮ দিনের মধ্যে লোড বরাদ্দ করে ডিমান্ড নোট ইস্যু করতে হবে। তদন্ত ও জরিপ প্রতিবেদনে ত্রুটি/বিচ্যুতি পাওয়া গেলে আবেদনকারীকে তাৎক্ষণিকভাবে জানিয়ে দিতে হবে;

৩) ডিমান্ড নোট প্রাপ্তির ০৩ দিনের মধ্যে আবেদনকারীকে ডিমান্ড নোটের অর্থ জমা দিতে হবে। যদি উক্ত সময়সীমার মধ্যে আবেদনকারী অর্থ পরিশোধে ব্যর্থ হয় তা হলে আবেদনের প্রসেস আর্কাইভ হয়ে যাবে। অর্থ পরিশোধের পরে আবেদন প্রসেস পূণরুজ্জীবিত করতে হবে;

৪) টাকা জমা দেওয়ার পরবর্তী ০২ দিনের মধ্যে মিটার সরবরাহ করে বিদ্যুৎ সংযোগ প্রদান করতে হবে;

### আবাসিক সংযোগ

৫) আবাসিক বৈদ্যুতিক সংযোগ প্রদানের ক্ষেত্রে আবেদন (প্রয়োজনীয় তথ্যাদিসহ) প্রাপ্তির পরবর্তী ০১ থেকে ০৭ দিনের মধ্যে বিদ্যুৎ সংযোগ প্রদান করতে হবে। অসম্পূর্ণ আবেদনের বিষয় তাৎক্ষণিক আবেদনকারীকে জানিয়ে দিতে হবে।

নোটঃ ইপিজেড, বেজা এলাকায় সকল শর্ত পূরণ করলে ২৪ ঘন্টার মধ্যে সংযোগ প্রদান করতে হবে।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

স্বাঃ 20/02/2020

(আইরিন পারভীন)
উপসচিব (সম-২)
ফোনঃ ৪৭১২০৩০৮।
(coord-2@pd.gov.bd

সদয় কার্যার্থে ও সদয় অবগতির জন্য অনুলিপি:

০১। চেয়ারম্যান, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ-২, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা।
০২। চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা।
০৩। মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টার একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা। (মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)
০৪। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিঃ, বিদ্যুৎ ভবন, আব্দুল গণি রোড, রমনা, ঢাকা।
০৫। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী লিঃ, ২২/বি ফারুক স্মরণী, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯।
০৬। ব্যবস্থাপনা পরিচালক, ওয়েষ্টজোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিঃ, বিদ্যুৎ ভবন, বয়রা, মেইন রোড, খুলনা।
০৭। ব্যবস্থাপনা পরিচালক, নর্থ ওয়েষ্টজোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিঃ, বিদ্যুৎ ভবন, হেতেম খান, রাজশাহী।
০৮। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)
০৯। সচিব এর একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০। প্রোগ্রামার, বিদ্যুৎ বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১। অতিরিক্ত সচিব (সকল) এর ব্যক্তিগত কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ।
১২। যুগ্মসচিব (সকল)/যুগ্মপ্রধান এর ব্যক্তিগত কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ।

*জরুরি*

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
সমন্বয়-২ শাখা
www.powerdivision.gov.bd

নম্বর: ২৭.০০.০০০০.০০০.০৫২.৩১.০০০৯.১৮. ৭৪৯

তারিখ: ২৭ কার্তিক ১৪৩২ / ১২ নভেম্বর ২০২৫

বিষয়: গ্রাহক হয়রানিমুক্তভাবে সহজে নতুন বিদ্যুৎ সংযোগ প্রদান তথা সার্বিকভাবে গ্রাহক সেবা সহজীকরণের লক্ষ্যে নতুন বিদ্যুৎ সংযোগ প্রদানের ক্ষেত্রে প্রয়োজনীয় কাগজপত্রাদির তালিকা।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিদ্যুৎ সাশ্রয়ে অগ্রগতি এবং নতুন বিদ্যুৎ সংযোগ প্রদান বিষয়ে ২০.০৩.২০২৫ তারিখে সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী বাবিউবো'র সদস্য (কোম্পানি এ্যাফেয়ার্স) এর নেতৃত্বে সকল বিতরণকারী সংস্থা/কোম্পানির প্রতিনিধির সমন্বয়ে কমিটি গঠিত হয়। উক্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদন পর্যালোচনান্তে গ্রাহক হয়রানিমুক্তভাবে সহজে নতুন বিদ্যুৎ সংযোগ প্রদান তথা সার্বিকভাবে গ্রাহক সেবা সহজীকরণের জন্য সুপারিশ প্রণয়ন করা হয়।

২। বর্ণিতাবস্থায়, উক্ত সুপারিশসমূহ যথাযথভাবে প্রতিপালনপূর্বক স্ব স্ব বিতরণকারী সংস্থা/কোম্পানিসমূহের ওয়েব সাইটে জরুরি ভিত্তিতে প্রকাশ করে স্ন্যাপ শট (Snap Shot) এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে-৩ (তিন) ফর্দ।

(মো: মামুন ভূঁইয়া)
উপসচিব
বিদ্যুৎ বিভাগ
ফোন: ৪৭১২০৩০৮
ই-মেইল: dscoord-2@pd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, বিদ্যুৎ ভবন, ১নং নবাব আব্দুল গণি রোড, রমনা, ঢাকা।
২। চেয়ারম্যান, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ-২, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯।
৩। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লি., বিদ্যুৎ ভবন, ১ নং আব্দুল গণি রোড, রমনা, ঢাকা।
৪। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লি., ২২/বি ফারুক স্মরণী, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯।
৫। ব্যবস্থাপনা পরিচালক, ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লি., বিদ্যুৎ ভবন, বয়রা, মেইন রোড, খুলনা।
৬। ব্যবস্থাপনা পরিচালক,নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লি., প্রধান কার্যালয়, বিদ্যুৎ ভবন, হেতেম খান, রাজশাহী।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। অতিরিক্ত সচিব (সমন্বয়), বিদ্যুৎ বিভাগ।
২। যুগ্মসচিব (সমন্বয়), বিদ্যুৎ বিভাগ।
৩। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)।
৪। সচিবের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। সিস্টেম এনালিস্ট, তথ্য ও প্রযুক্তি শাখা, বিদ্যুৎ বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

## বিদ্যুৎ সংযোগের ক্ষেত্রে প্রয়োজনীয় কাগজপত্রসমূহের তালিকা
### (সকল বিতরণ সংস্থা/কোম্পানির জন্য প্রযোজ্য)

| ক্র. নং | বিষয়সমূহ | সংযোগ প্রদানের ক্ষেত্রে প্রয়োজনীয় কাগজপত্রসমূহ |
|---|---|---|
| ১. | আবাসিক: LT-A সংযোগ প্রদান | ১. আবেদনকারীর পাসপোর্ট সাইজের ১ (এক) কপি ছবি এবং জাতীয় পরিচয় পত্র/পাসপোর্ট / অনলাইন জন্ম নিবন্ধনের ফটোকপি।<br>২. জমির / ফ্ল্যাটের মালিকানা দলিল বা লিজ ডিড বা নামজারীর কাগজসহ খতিয়ান অথবা জমির দলিল ও খতিয়ানসহ মূল মালিক কর্তৃক প্রদত্ত পাওয়ার অফ এ্যাটর্নি অথবা মূল মালিক মৃত হলে উত্তরাধিকার সনদ ও শরীকদের অনাপত্তিপত্র অথবা ভবন ডেভেলপার কর্তৃক নির্মিত হলে ডেভেলপারের সাথে সম্পাদিত চুক্তিপত্র অথবা যৌথ মালিকানার অনাপত্তিনামা (প্রযোজ্য ক্ষেত্রে) অথবা ভূমি মালিকানা সনদ।<br>৩. বহুতল ভবনের (১০ তলার অধিক) ক্ষেত্রে অগ্নি নির্বাপন সনদ/ সাময়িক সনদ।<br>৪. একই নামে, একই গ্রাহক শ্রেনী এবং একই স্থাপনায় নতুন সংযোগ নিতে নতুন করে কোন ডকুমেন্টস লাগবে না, তবে জাতীয় পরিচয় পত্র/পাসপোর্ট/ অনলাইন জন্ম নিবন্ধনের ফটোকপি ও সর্বশেষ বিলের পরিশোধিত কপি/গ্রাহক নম্বর দাখিল করতে হবে।<br>৫. লোডের চাহিদার পরিমাণ (ঐচ্ছিক)।<br>৬. **গ্রাহক স্ব উদ্যোগে নেট মিটারিং পদ্ধতিতে রুফটপ সোলার সিস্টেম স্থাপনের প্রমাণক (ঐচ্ছিক)।** |
| ২. | সেচ: LT-B সংযোগ প্রদান | ১. আবেদনকারীর পাসপোর্ট সাইজের ১ (এক) কপি ছবি এবং জাতীয় পরিচয় পত্র/পাসপোর্ট / অনলাইন জন্ম নিবন্ধনের ফটোকপি।<br>২. জমির / ফ্ল্যাটের মালিকানা দলিল বা লিজ ডিড বা নামজারীর কাগজসহ খতিয়ান অথবা জমির দলিল ও খতিয়ানসহ মূল মালিক কর্তৃক প্রদত্ত পাওয়ার অফ এ্যাটর্নি অথবা মূল মালিক মৃত হলে উত্তরাধিকার সনদ ও শরীকদের অনাপত্তি পত্র অথবা লিজ ডিড এর ক্ষেত্রে জমির মালিকের সাথে রেজিষ্ট্রার্ড চুক্তি হতে হবে, যাতে বিল সংক্রান্ত জটিলতায় জমির মালিক দায় নিবেন মর্মে উল্লেখ থাকবে অথবা ভূমি মালিকানা সনদ।<br>৩. লোডের চাহিদার পরিমাণ (ঐচ্ছিক)।<br>৪. সেচ কমিটির অনুমোদনপত্র। |
| ৩. | শিল্প : LT-C1 সংযোগ প্রদান | ১. আবেদনকারীর পাসপোর্ট সাইজের ১ (এক) কপি ছবি এবং জাতীয় পরিচয় পত্র/পাসপোর্ট / অনলাইন জন্ম নিবন্ধনের ফটোকপি।<br>২. জমির / ফ্ল্যাটের মালিকানা দলিল বা লিজ ডিড বা নামজারীর কাগজসহ খতিয়ান অথবা জমির দলিল ও খতিয়ানসহ মূল মালিক কর্তৃক প্রদত্ত পাওয়ার অফ এ্যাটর্নি অথবা মূল মালিক মৃত হলে উত্তরাধিকার সনদ ও শরীকদের অনাপত্তি পত্র অথবা সংযোগ গ্রহণকারী ভাড়াটিয়া হলে জমির মালিকের সাথে রেজিষ্ট্রার্ড চুক্তি হতে হবে, যাতে বিল সংক্রান্ত জটিলতায় জমির মালিক দায় নিবেন মর্মে উল্লেখ থাকবে অথবা ভূমি মালিকানা সনদ।<br>৩. বহুতল ভবনের (১০ তলার অধিক) ক্ষেত্রে অগ্নি নির্বাপন সনদ/ সাময়িক সনদ।<br>৪. একই আঙ্গিনা/হোল্ডিং/স্থাপনায় একাধিক শিল্প সংযোগ প্রদান করা যাবে না।<br>৫. লোডের চাহিদার পরিমাণ (ঐচ্ছিক)।<br>৬. **গ্রাহক স্ব উদ্যোগে নেট মিটারিং পদ্ধতিতে রুফটপ সোলার সিস্টেম স্থাপনের প্রমাণক (ঐচ্ছিক)।**<br>৭. ট্রেড লাইসেন্স। |
| ৪. | বাণিজ্যিক/ব্যাটারি চার্জিং ষ্টেশন : LT-E / D3 সংযোগ প্রদান | ১. আবেদনকারীর পাসপোর্ট সাইজের ১ (এক) কপি ছবি এবং জাতীয় পরিচয় পত্র/পাসপোর্ট / অনলাইন জন্ম নিবন্ধনের ফটোকপি।<br>২. জমির / ফ্ল্যাটের মালিকানা দলিল বা লিজ ডিড বা নামজারীর কাগজসহ খতিয়ান অথবা জমির দলিল ও খতিয়ানসহ মূল মালিক কর্তৃক প্রদত্ত পাওয়ার অফ এ্যাটর্নি অথবা মূল মালিক মৃত হলে উত্তরাধিকার সনদ ও শরীকদের অনাপত্তি পত্র অথবা সংযোগ গ্রহণকারী ভাড়াটিয়া হলে জমির মালিকের সাথে রেজিষ্ট্রার্ড চুক্তি হতে হবে, যাতে বিল সংক্রান্ত জটিলতায় জমির মালিক দায় নিবেন মর্মে উল্লেখ থাকবে অথবা ভূমি মালিকানা সনদ।<br>৩. বহুতল ভবনের (১০ তলার অধিক) ক্ষেত্রে অগ্নি নির্বাপন সনদ/সাময়িক সনদ।<br>৪. একই নামে, একই গ্রাহক শ্রেনী এবং একই স্থাপনায় নতুন সংযোগ নিতে নতুন করে কোন ডকুমেন্টস লাগবে না, তবে জাতীয় পরিচয় পত্র/পাসপোর্ট/ অনলাইন জন্ম নিবন্ধনের ফটোকপি ও সর্বশেষ বিলের পরিশোধিত কপি/ গ্রাহক নম্বর দাখিল করতে হবে।<br>৫. লোডের চাহিদার পরিমাণ (ঐচ্ছিক)।<br>৬. **গ্রাহক স্ব উদ্যোগে নেট মিটারিং পদ্ধতিতে রুফটপ সোলার সিস্টেম স্থাপনের প্রমাণক (ঐচ্ছিক)।**<br>৭. ট্রেড লাইসেন্স। |

| | | |
|---|---|---|
| ৫. | নির্মাণ: LT-C2 সংযোগ প্রদান | ১. আবেদনকারীর পাসপোর্ট সাইজের ১ (এক) কপি ছবি এবং জাতীয় পরিচয় পত্র/পাসপোর্ট / অনলাইন জন্ম নিবন্ধনের ফটোকপি।<br>২. জমির / ফ্ল্যাটের মালিকানা দলিল বা লিজ ডিড বা নামজারীর কাগজসহ খতিয়ান অথবা জমির দলিল ও খতিয়ানসহ মূল মালিক কর্তৃক প্রদত্ত পাওয়ার অফ এ্যাটর্নি অথবা মূল মালিক মৃত হলে উত্তরাধিকার সনদ ও শরীকদের অনাপত্তি পত্র অথবা ভবন ডেভেলপার কর্তৃক নির্মিত হলে ডেভেলপারের সাথে সম্পাদিত চুক্তিপত্র অথবা যৌথ মালিকানার অনাপত্তিনামা (প্রযোজ্য ক্ষেত্রে) অথবা ভূমি মালিকানা সনদ।<br>৩. লোডের চাহিদার পরিমাণ (ঐচ্ছিক)।<br>৪. পূর্বের কোন সংযোগ থাকলে শুধু জাতীয় পরিচয় পত্র / পাসপোর্ট / অনলাইন জন্ম নিবন্ধনের ফটোকপি ও ঐ সংযোগের সর্বশেষ বিলের পরিশোধিত কপি/গ্রাহক নম্বর দাখিল করতে হবে। |
| ৬. | স্বল্পস্থায়ী সামাজিক অনুষ্ঠান, প্রদর্শনী এবং বাণিজ্যিক কর্মকান্ডের জন্য অস্থায়ী সংযোগ : LT-T সংযোগ প্রদান | ১. আবেদনকারীর পাসপোর্ট সাইজের ১ (এক) কপি ছবি এবং জাতীয় পরিচয় পত্র/পাসপোর্ট/অনলাইন জন্ম নিবন্ধনের ফটোকপি।<br>২. সামাজিক বা বাণিজ্যিক কর্মকান্ডের জন্য যথাযথ কর্তৃপক্ষের অনুমতি পত্র।<br>৩. লোডের চাহিদার পরিমাণ (ঐচ্ছিক)।<br>৪. সংযোগ গ্রহণকারী ভাড়াটিয়া হলে জমির মালিকের সাথে রেজিষ্ট্রার্ড চুক্তি হতে হবে, যাতে বিল সংক্রান্ত জটিলতায় জমির মালিক দায় নিবে মর্মে উল্লেখ থাকবে। |
| ৭. | শিক্ষা প্রতিষ্ঠান / ধর্মীয় প্রতিষ্ঠান / সেবামূলক প্রতিষ্ঠান / হাসপাতাল : LT-D1 সংযোগ প্রদান | ১. আবেদনকারীর পাসপোর্ট সাইজের ০১ (এক) কপি ছবি এবং জাতীয় পরিচয় পত্র/পাসপোর্ট / অনলাইন জন্ম নিবন্ধনের ফটোকপি।<br>২. জমির / ফ্ল্যাটের মালিকানা দলিল বা লিজ ডিড বা নামজারীর কাগজসহ খতিয়ান অথবা জমির দলিল ও খতিয়ানসহ মূল মালিক কর্তৃক প্রদত্ত পাওয়ার অফ এ্যাটর্নি অথবা মূল মালিক মৃত হলে উত্তরাধিকার সনদ ও শরীকদের অনাপত্তি পত্র অথবা ভবন ডেভেলপার কর্তৃক নির্মিত হলে ডেভেলপারের সাথে সম্পাদিত চুক্তিপত্র অথবা যৌথ মালিকানার অনাপত্তিনামা (প্রযোজ্য ক্ষেত্রে) অথবা ভূমি মালিকানা সনদ।<br>৩. বহুতল ভবনের (১০ তলার অধিক) ক্ষেত্রে অগ্নি নির্বাপন সনদ/ সাময়িক সনদ।<br>৪. একই নামে, একই গ্রাহক শ্রেনী এবং একই স্থাপনায় নতুন সংযোগ নিতে নতুন করে কোন ডকুমেন্টস লাগবে না, তবে জাতীয় পরিচয় পত্র/পাসপোর্ট/ অনলাইন জন্ম নিবন্ধনের ফটোকপি ও সর্বশেষ বিলের পরিশোধিত কপি/গ্রাহক নম্বর দাখিল করতে হবে।<br>৫. লোডের চাহিদার পরিমাণ (ঐচ্ছিক)।<br>৬. **গ্রাহক স্ব উদ্যোগে নেট মিটারিং পদ্ধতিতে রুফটপ সোলার সিস্টেম স্থাপনের প্রমাণক (ঐচ্ছিক)।** |
| ৮. | MT/HT সংযোগ প্রদান | ১. আবেদনকারীর পাসপোর্ট সাইজের ১ (এক) কপি ছবি এবং জাতীয় পরিচয় পত্র/পাসপোর্ট / অনলাইন জন্ম নিবন্ধনের ফটোকপি।<br>২. জমির / ফ্ল্যাটের মালিকানা দলিল বা লিজ ডিড বা নামজারীর কাগজসহ খতিয়ান অথবা জমির দলিল ও খতিয়ানসহ মূল মালিক কর্তৃক প্রদত্ত পাওয়ার অফ এ্যাটর্নি অথবা মূল মালিক মৃত হলে উত্তরাধিকার সনদ ও শরীকদের অনাপত্তি পত্র অথবা ভবন ডেভেলপার কর্তৃক নির্মিত হলে ডেভেলপারের সাথে সম্পাদিত চুক্তিপত্র অথবা যৌথ মালিকানার অনাপত্তিনামা (প্রযোজ্য ক্ষেত্রে) অথবা সংযোগ গ্রহণকারী ভাড়াটিয়া হলে জমির মালিকের সাথে রেজিষ্ট্রার্ড চুক্তি হতে হবে, যাতে বিল সংক্রান্ত জটিলতায় জমির মালিক দায় নিবেন মর্মে উল্লেখ থাকবে অথবা ভূমি মালিকানা সনদ।<br>৩. বহুতল ভবনের (১০ তলার অধিক) ক্ষেত্রে অগ্নি নির্বাপন সনদ/সাময়িক সনদ।<br>৪. একই নামে, একই গ্রাহক শ্রেনী এবং একই স্থাপনায় নতুন সংযোগ নিতে নতুন করে কোন ডকুমেন্টস লাগবে না, তবে জাতীয় পরিচয় পত্র/পাসপোর্ট/ অনলাইন জন্ম নিবন্ধনের ফটোকপি ও সর্বশেষ বিলের পরিশোধিত কপি/গ্রাহক নম্বর দাখিল করতে হবে।<br>৫. লোডের চাহিদার পরিমাণ (ঐচ্ছিক)।<br>৬. **গ্রাহক স্ব উদ্যোগে নেট মিটারিং পদ্ধতিতে রুফটপ সোলার সিস্টেম স্থাপনের প্রমাণক (ঐচ্ছিক)।**<br>৭. ট্রেড লাইসেন্স<br>৮. প্রধান বৈদ্যুতিক পরিদর্শকের সার্টিফিকেট।<br>৯. ট্রান্সফরমারের, এলটি/এইচটি সুইচ গিয়ার ও পিএফআই প্লান্ট এর স্পেসিফিকেশন, প্রোটেকশন ও মিটারিং স্কীমের ওয়্যারিং ডায়াগ্রাম।<br>১০. গ্রাহকের সাবষ্টেশনের একটি পরিকল্পনা নক্সা এবং সাবষ্টেশনের একটি বৈদ্যুতিক সিঙ্গেল লাইন নক্সা।<br>১১. গ্রাহকের সাবষ্টেশনে নিজস্ব মিটারিং প্যানেল বসানোর নিমিত্তে ইউটিলিটি কর্তৃক অনুমোদিত নক্সা অনুযায়ী একটি কক্ষের ব্যবস্থা। |

| | | |
|---|---|---|
| | | ১২. কারখানা / স্থাপনা স্থাপনের নিমিত্তে যথাযথ কর্তৃপক্ষের অনুমতি পত্র।<br>১৩. কারখানার/স্থাপনার গ্রাহকের সাবস্টেশন এলাকার রাস্তাঘাট ও বিদ্যুৎ লাইনের অবস্থানসহ একটি নক্সা।<br>১৪. শিল্প হিসেবে নিবন্ধন সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে)। |
| ৯. | নদীভাংগা ভূমিহীন রাস্তার পাশে / জায়গায় অথবা সরকারি খাস জমিতে এলটি আবাসিক / বানিজ্যিক (সিঙ্গেল ফেজ) বিদ্যুৎ সংযোগ প্রদান | ১. আবেদনকারীর পাসপোর্ট সাইজের ১ (এক) কপি ছবি এবং জাতীয় পরিচয় পত্র/অনলাইন জন্ম নিবন্ধনের ফটোকপি।<br>২. সংশ্লিষ্ট ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত নাগরিক সনদ। |
| ১০. | বিদ্যুৎ সেবা প্রতিনিধি (Power Support Representative) | ১. সকল বিদ্যুৎ বিতরণ সংস্থা / কোম্পানি নিজ নিজ বিতরণ এলাকায় সংশ্লিষ্ট অধিবাসিদের আবেদনের মধ্য থেকে সেবা কর্মী নির্বাচন করে বিদ্যুৎ সেবা (নতুন সংযোগ আবেদন, সংযোগ বিচ্ছিন্নকরণ, পুনঃসংযোগ প্রদান, লোড বৃদ্ধি আবেদন ইত্যাদি) সংক্রান্ত সকল বিষয়ে প্রশিক্ষণ প্রদান করবে।<br>২. PSR-দের কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে প্রাথমিক জ্ঞান (ইন্টারনেট, স্ক্যান, মাইক্রোসফট অফিস ইত্যাদি) থাকতে হবে।<br>৩. সংস্থা/কোম্পানি বিভিন্ন মোবাইল কোম্পানির ন্যায় প্রশিক্ষণপ্রাপ্ত PSR-দের সনদ ও সেবার মূল্য সম্বলিত QR কোড প্রদান করবে যাতে গ্রাহকগণ PSR-দের সেবা গ্রহণে আস্থাশীল হয়।<br>৪. PSR-গণ প্রতি সেবার ক্ষেত্রে ইউটিলিটি কর্তৃক নির্ধারিত সেবার রেট অনুযায়ী (যার প্রতিটি সেবার মূল্য ১০০ টাকার উর্ধ্বে নয়) গ্রহণ করবে। গ্রাহকের কাছ থেকে সেবা প্রদান সম্পর্কিত কোন অভিযোগ পাওয়া গেলে তদন্ত সাপেক্ষে তার সনদ বাতিল করা হবে। |

মো: মামুন ভূঁইয়া
উপসচিব
বিদ্যুৎ বিভাগ
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার